

জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত

৫০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

কাগজ :

নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সূতা :

নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও '৫০০ টাকা' লেখা আছে; সরাসরি তাকালে 'লগো' ও '৫০০ টাকা' লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে।

অতি ছোট আকারের লেখা :

নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে ১টি সরলরেখা দেখা যাবে, যাতে 'BANGLADESH BANK' পুন: পুন: মুদ্রিত। লেখাগুলো অতি ছোট আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

অসমতল ছাপা :

নোটের সামনের দিকে ইন্টাগ্রেটেড কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।

জলছাপ :

কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 500 লেখা আছে এবং জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোম্যামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।

রং পরিবর্তনশীল কালি :

উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 500 লেখাটি সরাসরি তাকালে লালচে এবং তির্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

ইন্টাগ্রেটেড লাইন :

নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্রেটেড কালিতে ৭ টি সমান্তরাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।

অঙ্কদের জন্য বিন্দু :

নোটের ডানদিকে অঙ্কদের জন্য ৪টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

লুকানো ছাপা :

নোটের নিচের বর্ডারে সুগু বা লুকানো অবস্থায় '৫০০' মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

পশ্চাদপট (Background) মুদ্রণ :

নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় শ্রুতিসৌধ মুদ্রিত রয়েছে।



নোটের শইখ ১০২ x ৬৫ মিলিমিটার।

নোটের পিছন ভাগ :

নোটের পিছনের দিকে ইন্টাগ্রেটেড কালিতে বাংলাদেশের কৃষি কাজের দৃশ্য মুদ্রিত আছে যা হাতের আঙ্গুলের স্পর্শে অসমতল অনুভূত হবে।

নোটের উভয় পীঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ৫০০, ইংরেজী 500, মধ্যভাগের লেখা, পেছনে কৃষি কাজের দৃশ্য ও বর্ডার) ইন্টাগ্রেটেড কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙ্গুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।

ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন

নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেস্বয়ে রক্ষা করুন



বাংলাদেশ ব্যাংক

www.bangladeshbank.org.bd → bank note & coins → security features